সংবাদ

তারিখ 12 JAN 2003
পৃষ্ঠা ১২ কলাম ৬

—সংবাদ

# প্রয়োজনের অতিরিক্ত শিক্ষক নিয়োগ প্রক্রিয়ার ওপর আদালতের নিষেধাজ্ঞা

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা, রাজশাহী ঃ রাজশাহী বিশ্ববিদ্যালয় আইন ও বিচার বিভাগে প্রয়োজনের অতিরিক্ত শিক্ষক নিয়োগের প্রক্রিয়ার বিরুদ্ধে জনস্বার্থে এক আইনজীবী মামলা দায়ের করেছেন। এরই পরিপ্রেক্ষিতে রাজশাহীর যুগ্মজেলা জজের প্রথম আদালত শিক্ষক নিয়োগের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে। সংশ্লিষ্ট আদালতে রাজশাহী বারের সদস্য আবু আসলাম বাদি হয়ে গত ৫ই জানুয়ারি চাঞ্চল্যকর এ মামলাটি দায়ের করলে আদালত এই আদেশ দেয়।

ঐ মামলায় বিবাদি করা হয়েছে বিশ্ববিদ্যালয়, উপাচার্য, রেজিস্ট্রার ও সংশ্লিষ্ট ডিনকে। আগামী ১০ই ফেব্রুয়ারি বিবাদিদের নিযুক্ত আইনজীবীর মাধ্যমে আদালতে হাজির হবার জন্য আদালত নির্দেশ দিয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সম্প্রতি আইন ও বিচার বিভাগে একটি স্থায়ী এবং দু'টি অস্থায়ীসহ মোট তিনটি পদে শিক্ষক নিয়োগের জন্য বিজ্ঞাপন প্রকাশ করে। বিভাগীয় প্ল্যানিং কমিটির সভায় এই শিক্ষক নিয়োগের বিরোধিতা করে আইন অনুষদের ডিন ও একই বিভাগের সিনিয়র শিক্ষক প্রফেসর এম.হাবিবুর রহমান ভিন্নমত পোষণ করেছিলেন।

উল্লেখ্য, সাম্প্রতিক সময়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে প্রচলিত নীতিমালা ভঙ্গ করে

শিক্ষক ঃ পৃঃ ১১ কঃ ৬

## শিক্ষক ঃ নিষেধাজ্ঞা

( ১২ পৃষ্ঠার পর )

বিভিন্ন বিভাগে শিক্ষক নিয়োগের হিড়িক পড়ে গেছে। অভিযোগ উঠেছে, কর্তৃপক্ষ আসন্ন বিভিন্ন বডির নির্বাচনকে প্রভাবিত করতে মেধাবীদেরকে বাদ দিয়ে দলীয় প্রার্থীদের শিক্ষক হিসেবে নিয়োগ করছে।